

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-২৩৮

তারিখঃ ১৯ বৈশাখ ১৪২৬
০২ মে ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১১২১১/২০১৪ এর ০৭.০৫.১৮ খ্রি. তারিখের রায়ে বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণ।

- সূত্র: (১) রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মোহা: শহীদুল ইসলাম কর্তৃক গত ২৩.১১.১৮ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শা:৫/১ আই-১০/২০০৩/৫২/১(৫), তারিখ: ০৭.০৩.২০০৭ খ্রি.।
(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ওম৭২(অংশ-১)/বি:২০০৬/১ সেট/৩-বিশেষ, তারিখ: ০২.০৩.২০১০ খ্রি.।
(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৩১.০৪.৩৮৪.১৪-২২৯, তারিখ: ১৫.০৪.২০১৫ খ্রি.।
(৫) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-১২৫, তারিখ: ২৬.০২.১৯ খ্রি.।
(৬) টিএমইডি'র পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩৮৪.১৪-১৭৮, তারিখ: ২৮.০৩.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী দারুস সালাম কামিল মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: শহীদুল ইসলাম এর চাকুরিতে যোগদানের অভিজ্ঞতার সমদ সংক্রান্ত জালিয়াতির কারণে তাঁর এমপিও বাতিলসহ চাকুরি হতে অব্যাহতি ও তাঁর গৃহীত সমুদয় টাকা মাদ্রাসার এমপিও থেকে কর্তনের জন্য (২) নং সূত্রমূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়।

০২। পরবর্তীতে সূত্র (২) মূলের মাধ্যমে অধ্যক্ষ, জনাব মোহা: শহীদুল ইসলাম (ইনডেক্স নং-৩৯০৩৮০) এর নাম এমপিও হতে কর্তনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রোগ্রামার ইএমআইএস সেলকে অনুরোধ করা হয় এবং জনাব শহীদুল ইসলাম এর এমপিও বন্ধ হয়ে যায়।

০৩। অতঃপর উক্ত স্মারকদ্বয়ের বৈধতা চ্যালেঞ্জ করে অধ্যক্ষ, জনাব মোহা: শহীদুল ইসলাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১২১১/২০১৪ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২নং রেসপনডেন্ট উপাচার্য, ইসলামি বিশ্ববিদ্যালয়, ৪নং রেসপনডেন্ট মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ৫নং রেসপনডেন্ট চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৬নং রেসপনডেন্ট পরিচালক, ডিআইএ, ৭নং রেসপনডেন্ট জেলা প্রশাসক, রাজশাহী, ৮নং রেসপনডেন্ট সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং ৯নং রেসপনডেন্ট সভাপতি, গভর্নিং বডি।

০৪। উক্ত রিট মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দিতা করার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সূত্র (৪) মূলে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৭.০৫.২০১৮ তারিখে নিম্নরূপ রায়/আদেশ দেয়া হয়:

Consequently, the Rule is made absolute in part. The respondents are directed to reinstate the petitioner in the service and start payment of the petitioner's MPO including the arrears and other benefits within 30 days from the receipt of our judgment and order, without fail.।

০৫। উক্ত রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার প্রবল আশংকা বিদ্যমান।

০৬। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন। উক্ত রিট মামলার রায়ে সরকারের আর্থিক সংশ্লেষ্থ থাকায় জরুরিভিত্তিতে রায় স্থগিতসহ নির্ধারিত সময়ের মধ্যে আপীল দায়ের নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৭। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১২১১/২০১৪ মামলার ০৭.০৫.২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ০৩.০৩.২০১৯ ও ১১.০৪.১৯ খ্রি. তারিখের মধ্যে রায় স্থগিতসহ আপীল দায়ের নিশ্চিতক্রমে সিভিল পিটিশন (CP) নম্বর উল্লেখপূর্বক আপীল দায়ের সংক্রান্ত প্রমাণকসহ তথ্যাদি এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (৫) ও (৬) মূলে অনুরোধ করা হয়েছিল। কিন্তু নির্দিষ্ট সময়ের পর দীর্ঘ ৪৫ দিন অতিবাহিত হওয়া সত্ত্বেও চাহিত তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি বিধায় আগামী ১৫.০৫.২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য ৩য় বারের মত নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিক্রো) ০২/০৫/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেবেল-৩,
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- মাননীয় সংসদ সদস্য-৫৩. রাজশাহী (সদর)-২ এর একান্ত সচিব, বস- হড়গ্রাম বাজার (কোর্ট স্টেশন সংলগ্ন), পো: রাজশাহী কোর্ট, থানা-রাজপাড়া, জেলা-রাজশাহী।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- অফিস কপি/মাস্টার কপি।